স্মারক নং: পদ/পক/MFP/২০২৩-২২৪৯ তারিখঃ ৩০/১১/২০২৩ ইং

# অফিস স্মারক

**বিষয়ঃ LIL & LIL-2 ঋণ বিতরণ সংক্রান্ত নির্দেশিকায় কতিপয় ধারা সংযোজন প্রসঙ্গে।**

**সূত্র : অফিস স্মারক নং:পদ/পক/এম এফপি -২০২৩ /১২৫৮ ও ১২৫৯, তারিখ ১৪ জুন,২০২৩ খ্রিষ্টাব্দ।**

ক. উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলে অবগত আছেন যে, স্মারক নং-পদ/পক/এমএফপি/২০২৩-১২৫৯ তারিখ ১৪/০৬/২০২৩ ইং এ জারিকৃত অফিস সার্কুলার অনুযায়ী Livelihood Improvement Loan-LIL-02 ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত অফিস সার্কুলার এর বিদ্যমান ধারার পাশাপাশি কতিপয় ধারা সংযোজন করা হয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলো :

| ধারা নং | বিষয় সমূহ | বর্তমান ধারা | **সংযোজিত ও পরিবর্তিত ধারা** |
|---|---|---|---|
| ১ | ঋণের খাত | এই ঋণের খাত হবে যে পণ্য ক্রয়ের বিপরীতে ঋণ দেওয়া হবে সে অনু-যায়ী খাত নির্ধারিত হবে। যেমন : (টিভি, ফ্রিজ, এসি, মোটরসাইকেল, ইজিবাইক, সি এন জি ইত্যাদি ) | ক. বর্তমান ধারায় উল্লেখিত পণ্যসমূহ ছাড়াও **লিথিয়াম আয়ন ব্যাটারি ক্রয় খাতে ঋণ দেয়া যাবে** |
| ২ | ঋণের মেয়াদ | মেয়াদ ও গ্রেস পিরিয়ড সহ সর্বোচ্চ ঋণের মেয়াদ হবে ০১ বৎসর। | ক. টিভি, ফ্রিজ, এসি, সি এন জি ইত্যাদির ক্ষেত্রে গ্রেস পিরিয়ড সহ সর্বোচ্চ ঋণের মেয়াদ হবে ০১ বৎসর। <br> খ. **লিথিয়াম আয়ন ব্যাটারি ও ইজিবাইক ক্রয় এবং মোটরসাইকেল ক্রয় খাতে গ্রেস পিরিয়ড সহ সর্বোচ্চ ঋণের মেয়াদ হবে ০২ বৎসর।** |
| ৩ | কিস্তির সংখ্যা | ক) সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ৪৬ টি। <br> খ) মাসিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ১২ টি। | ক. ০১ বছরের ক্ষেত্রে সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ৪৬ টি। <br> খ. ০১ বছরের ক্ষেত্রে মাসিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ১২ টি। <br> **গ. ০২ বছরের ক্ষেত্রে সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ৯০ টি।** <br> **ঘ. ০২ বছরের ক্ষেত্রে মাসিক কিস্তিতে পরিশোধিত ঋণের ক্ষেত্রে ২৪ টি।** |
| ৪ | ঋণ সীমা /সিলিং | LIL & LIL-02 ঋণের সর্বোচ্চ পরিমান হবে ১২৫০০০/-( এক লক্ষ পঁচিশ হাজার) টাকা। তবে অন্য কোন উচ্চমূল্যের পণ্য যেমন: মোটরসাইকেল এর মোট মূল্যের ৩০% , ইজিবাইক এর মোট মূল্যের ৩০% , সি এনজি এর মোট মূল্যের ৩০% ডাউন পেমেন্ট গ্রহণ করে অবশিষ্ট মূল্যের সমপরিমান টাকা ঋণ বিতরণ করা যাবে। | ক. LIL& LIL-02 ঋণের সীমা হবে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। তবে উক্ত ঋণের বিপরীতে সদস্য LEAP হতে যে পণ্য ক্রয় করবে, সেই পণ্য মূল্যের ১০% এর বেশী ঋণ বিতরণ করা যাবে না। <br> অর্থ্যাৎ কোন পণ্যের মূল্য যদি ১,০০,০০০/- টাকা হয়। সে ক্ষেত্রে ১,১০,০০০/- টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে। এ ভাবে কোন পণ্যের মূল্য যদি ২,৫০,০০০/- টাকা হয়, সে ক্ষেত্রে ২,৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে। এ ক্ষেত্রে ১০% বেশী ধরে ২,৭৫,০০০/-টাকা ঋণ দেওয়া যাবে না। |


+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২ info@padakhep.org বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
+880 2 58151126, 01777791122 www.padakhep.org House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabor, Dhaka-1207

| ধারা নং | বিষয় সমূহ | বর্তমান ধারা | সংযোজিত ও পরিবর্তিত ধারা |
|---|---|---|---|
| | | | |
| ৫ | কিস্তির পরিমান (০১বছর মেয়াদী) | | ধারা অপরিবর্তিত |
| ৬ | কিস্তির পরিমান (০২বছর মেয়াদী) | | **সাপ্তাহিক কিস্তি:** সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য ০২ বছর মেয়াদী বিতরণকৃত ঋণের জন্য প্রতি হাজারে সার্ভিসচার্জ সহ আদায়যোগ্য ১৪/-টাকা অর্থাৎ ১,০০০/-(এক হাজার) টাকা ঋণের বিপরীতে সাপ্তাহিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১,২৬০/-টাকা আদায় করতে হবে।<br>সাপ্তাহিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.২৬০ যা সর্বমোট আদায়কে ১,০০০/-দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরুপন করা যাবে। |
| | | | **মাসিক কিস্তি:** মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য ০২ বছর মেয়াদী বিতরনকৃত ঋণের জন্য ১-২৩ কিস্তি পর্যন্ত প্রতি হাজারে সার্ভিস চার্জসহ আদায়যোগ্য ৫৩/-টাকা (আসল ৪১.৭৫/-টাকা এবং সার্ভিস চার্জ ১১.২৫/-টাকা) এবং ২৪ নং কিস্তিতে সার্ভিসচার্জ সহ ৫০/-টাকা আদায়যোগ্য (আসল ৪০/-টাকা এবং সার্ভিস চার্জ ১০/-টাকা) অর্থাৎ ১,০০০/-(এক হাজার) টাকা ঋণের বিপরীতে মাসিক ভিত্তিতে বাৎসরিক সর্বমোট ১২৬৯/-টাকা আদায় করতে হবে।<br>মাসিক আদায়ের ক্ষেত্রে ফ্যাক্টর হবে ১.২৬৯, যা সর্বমোট আদায়কে ১০০০ দ্বারা ভাগ দিয়ে আসল এবং সার্ভিস চার্জ নিরুপন করা যাবে। |

**খ. এ ছাড়া LIL-2 ঋণ বিতরণ নির্দেশিকার অন্যান্য ধারা অপরিবর্তিত থাকবে।**

গ. অত্র অফিস স্মারকটি ইস্যুর তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা কার্যকর থাকবে।

এ সম্পর্কিত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য জনাব মো: রফিকুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক ও রিজিয়নাল ম্যানেজার,(মধ্য-পূর্বাঞ্চল), ই-মেইল rafiq@padakhep.org মোবাইল নং-০১৩২-২৮৩৮৬৩৫ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

মোঃ সালেহ বিন সামস
নির্বাহী পরিচালক

**অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে (ই-মেইলে প্রেরণ করা হলো)ঃ**
১.পরিচালক, মাইক্রোফাইন্যান্স, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
২.যুগ্ম-পরিচালক (সকল), পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৩.উপ-পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৪.সিনিয়র সহকারী পরিচালক ও রিজিয়নাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৫.উপ-পরিচালক ও সিনিয়র রিজিয়নাল ম্যানেজার ও আহবায়ক, সফটওয়্যার বাস্তবায়ন কমিটি।
৬.মাইক্রোফাইন্যান্সভুক্ত সকল কর্মকর্তা, পদক্ষেপ, প্রধান কার্যালয়।
৭.সিনিঃ সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৮.সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
৯.সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১০.ব্রাঞ্চ ম্যানেজার (সকল) পদক্ষেপ, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম।
১১.অফিস কপি।